# গ্রীন কার্ট বিক্রেতারা এখন জল, বাদাম, এবং টুকরো করা এবং কাটা ফল এবং শাকসব্জী সরবরাহ করতে পারেন

নিউ ইয়র্ক সিটির স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি দপ্তর (স্বাস্থ্য বিভাগ) (NYC Department of Health and Mental Hygiene (Health Department)) ফল ও শাকসব্জীর অনুমতি প্রাপ্ত খাদ্য বিক্রেতারা এখন অতিরিক্ত স্বাস্থ্যকর খাবার সরবরাহ করতে পারে। আপনার খাবারের কার্ট বা ট্রাক থেকে বোতলজাত পানীয় জল, বাদাম, এবং টুকরো করা ও কাটা প্রিপ্যাকড ফল এবং শাকসব্জী কীভাবে সরবরাহ করা যায় তা এখানে দেওয়া হল।

**জল**

- আপনি সিল করা বোতলজাত, টিনজাত বা কার্টনজাত জল সরবরাহ করতে পারেন।
  - সেই জল প্রাকৃতিক বা কার্বোনেটেড হতে পারে এবং সেটিতে ফ্লেভারিং বা মিনারেলস মেলানো থাকতে পারে।
  - সেই জলে সোডিয়াম বা ন্যাচারাল বা আর্টিফিশিয়াল সুইটনার থাকতে **পারে না** এবং সেটিকে অবশ্যই জিরো ক্যালোরির হতে হবে।
  - প্রাকৃতিক হোক বা কার্বনেটেড হোক, সেই জল অবশ্যই এমন একজন প্রস্তুতকারকের কাছ থেকে সরবরাহ করা হবে যে মার্কিন যুক্তরাষ্ট্রের ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন (Food and Drug Administration, FDA) বা নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য দপ্তর (New York State Department of Health) দ্বারা প্রত্যয়িত।
- আপনি এমন কোনও জল সরবরাহ করতে পারেন **না** যা কলসী, বোতল, পোর্টেবল জলের ট্যাঙ্ক বা অন্য কোনও কন্টেনার থেকে গ্রাহকদের জল নেবার পাত্রে ঢেলে দেওয়া হয়।
- বরফের উপর বোতলজাত, টিনজাত বা জলের কার্টনগুলি রাখার জন্য, আপনার কার্টে একটি কোল্ড হোল্ডিং কম্পার্টমেন্ট থাকতে হবে যা বরফ গলা জলকে একটি বিল্ট-ইন ওয়েস্ট ওয়াটার ট্যাঙ্কে নিষ্কাশিত করে দেয়।

**বাদাম**

- আপনি কাঁচা, একক-উপাদান যুক্ত বাদাম সরবরাহ করতে পারেন।
- আপনি এমন বাদাম সরবরাহ করতে পারেন **না** যাতে চিনি, লবণ, মরিচ, তেল, সিজনিং, ফ্লেভারিং বা অন্য কোনও উপাদান যুক্ত আছে। সেই বাদামকে রান্না করা, ভাজা, মিশ্রিত বা ক্যান্ডিড **করা যাবে না।**
- যে বাদামগুলি ইতিমধ্যে খোসা ছাড়ানো হয়ে গেছে সেগুলিকে অবশ্যই প্রিপ্যাকেজ করা উচিত, হয় প্রস্তুতকারকের দ্বারা, নতুবা অনুমতি প্রাপ্ত মোবাইল খাদ্য বিক্রেতা কমিসারীতে এবং কার্ট বা ট্রাকে তা প্যাকেজ **করা যাবে না।**
- যেসব বাদাম এখনও খোসাযুক্ত সেগুলি ভেন্ডিং কার্ট বা ট্রাকে প্যাকেজ করা যেতে পারে, বা বাণিজ্যিকভাবে প্রিপ্যাকেজ করা যেতে পারে, বা অনুমতি প্রাপ্ত ঠেলাওয়ালার কাছে প্যাকেজ করা যেতে পারে। কার্ট বা ট্রাকের উপর বাদামের খোসা ছাড়ানো **যাবে না।**

**টুকরো করা এবং কাটা প্রিপ্যাকেজ করা ফল এবং শাকসব্জী**

- আপনি টুকরো করা এবং কাটা, প্রিপ্যাকড ফল এবং শাকসব্জী সরবরাহ করতে পারেন। সেই ফল এবং শাকসব্জীকে কাঁচা, তাজা এবং হিমায়িত নয় এমন হতে হবে।

- সেই ফল এবং শাকসব্জী টুকরো বা কাটা এবং প্রস্তুতকারকের দ্বারা বাণিজ্যিকভাবে বা অনুমতি প্রাপ্ত মোবাইল খাদ্য বিক্রেতা কমিসারীতে প্রিপ্যাকেজ করা আবশ্যক। ফল এবং শাকসব্জী গুলি খাবারের কার্ট বা ট্রাকে টুকরো করা বা কাটা যাবে **না**।
    - বিক্রেতাদের কাছে অবশ্যই 41 ডিগ্রী ফারেনহাইট (5 ডিগ্রি সেলসিয়াস) –এ বা তার নীচের তাপমাত্রায় প্রিপ্যাকজ করা টুকরো বা কাটা ফল এবং শাকসব্জী রাখার সাজ-সরঞ্জাম থাকতে হবে।
        - কোল্ড হোল্ডিং ইকুইপমেন্ট যেগুলিতে বরফ ব্যবহার করা হয় সেগুলি অবশ্যই বরফ গলা জলকে একটি বিল্ট-ইন ওয়েস্ট ওয়াটার ট্যাঙ্কে নিষ্কাশিত করবে।
        - খাবারের তাপমাত্রা পরিমাপ করার জন্য ঠেলায় একটি স্টেম থার্মোমিটার রাখা আবশ্যক।
        - কোল্ড হোল্ডিং ইকুইপমেন্ট গুলির তাপমাত্রা পরিমাপ করার জন্য একটি ইকুইপমেন্ট থার্মোমিটার থাকতে হবে।
        - সেই থার্মোমিটারগুলির ক্রমাঙ্ক অবশ্যই নির্ণয় করতে হবে। ক্রমাঙ্কন গাইডের জন্য, **nyc.gov/health** –এ যান এবং **থার্মোমিটার ক্রমাঙ্কন গাইড** অনুসন্ধান করুন।
- প্যাকেটজাত খাবারকে অবশ্যই সংরক্ষণ করতে হবে যাতে বরফ গলা জল প্যাকেজিংয়ে প্রবেশ না করে। এমন কন্টেনার বা প্যাকেজগুলি ব্যবহার করুন যাতে জল ভিতরে ঢুকতে না পারে।
- প্যাকেজের যে কোনও অংশ যা খাবার বা পানীয়ের পৃষ্ঠতল হিসাবে ব্যবহার করা যেতে পারে তা যেন বরফ বা বরফ গলা জলের সংস্পর্শে সরাসরি আসতে **না পারে।**

## কমিসারীতে প্যাকেজিং করা খাবার

যদি আপনি প্রস্তুতকারকের দ্বারা প্যাকেজ করা খাবার সরবরাহ করার পরিবর্তে আপনার নিজের খাবার প্যাকেজ করেন তবে আপনাকে অবশ্যই স্বাস্থ্য বিভাগ (Health Department)-এর অনুমতি প্রাপ্ত কমিসারীতে তা প্যাকেজ করাতে হবে। আপনাকে অবশ্যই NYS কৃষি ও বাজার বিভাগ (NYS Department of Agriculture and Markets) –এর লেবেলিংয়ের পূর্বশর্তগুলিকে অনুসরণ করতে হবে এবং প্যাকেজগুলিকে এমন একটি দাঁড়িপাল্লা দিয়ে ওজন করতে হবে যা তাদের দ্বারা বা NYC ভোক্তা ও কর্মী সুরক্ষা বিভাগ (NYC Department of Consumer and Worker Protection) দ্বারা ক্রমাঙ্ক নির্ণয় এবং পরিদর্শন করা হয়েছে। সম্পর্কিত তথ্যের জন্য:

- লেবেল আবশ্যকতা, **agriculture.ny.gov** –এ যান এবং **ফুড লেবেলিং** অনুসন্ধান করুন।
- দাঁড়িপাল্লা পরিদর্শন, **nyc.gov/dca** –এ যান এবং **দাঁড়িপাল্লা পরিদর্শন** অনুসন্ধান করুন।
- বর্তমান অনুমতি প্রাপ্ত মোবাইল খাদ্য বিক্রেতা কমিসারীরা, 212-676-1650 বা 212-676-1651 –নম্বরে ফুড সেফটি ব্যুরো ও কম্যুনিটি স্যানিটেশন (Bureau of Food Safety and Community Sanitation) –কে কল করুন, অথবা **infobfscs@health.nyc.gov** ইমেল করুন।

## নতুন সাজ-সরঞ্জামের ক্ষেত্রে অগ্রিম অনুমতির জন্য নতুন করে পরিদর্শন প্রয়োজন

আপনি যদি আপনার কার্ট বা ট্রাকে নতুন কোল্ড হোল্ডিং সরঞ্জাম যুক্ত করার মত বিষয়গুলি সহ কিছু পরিবর্তন করেন, তবে আপনাকে স্বাস্থ্য বিভাগ (Health Department) থেকে অগ্রিম-অনুমতি পেতে অবশ্যই নতুন করে পরিদর্শন করাতে হবে। একটি অ্যাপয়েন্টমেন্ট করতে 212-676-1650 নম্বরে কল করুন।

## কমিসারীতে সংরক্ষণ পদ্ধতির ক্ষেত্রে আবশ্যক জিনিসগুলির কোন পরিবর্তন হয় নি

ফল এবং শাকসব্জীর অনুমতি প্রাপ্ত বিক্রেতারা তাদের কার্ট বা ট্রাককে একটি অনুমোদিত বিকল্প কেন্দ্রে সংরক্ষণ করতে পারে, এমনকি যদি তারা এই নতুন খাবারগুলি সরবরাহ করে তাহলেও। খাবার অবশ্যই অনুমতি প্রাপ্ত কমিসারীতে সংরক্ষণ করতে হবে।

অনুমতি এবং পরিদর্শন সম্পর্কে আরো তথ্যের জন্য, **nyc.gov/health** –এ যান এবং **মোবাইল খাদ্য বিক্রেতা** অনুসন্ধান করুন।

আপনার যদি কোনও প্রশ্ন থাকে তবে **infobfscs@health.nyc.gov** –এতে ইমেল করুন বা 212-676-1650 নম্বরে কল করুন।